

Access to Information (a2i) Programme

Prime Minister's Office



০৭৩৮



স্মারক নং-০৩.৮০১.০০৮.০০.০০৮.২০১৬-০০৭৮

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৩
২০ নভেম্বর ২০১৬

বিষয়: একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম কর্তৃক তৈরিকৃত দেশের উদ্ভাবনী আইডিয়াসমূহের প্লাটফরমের জন্য নাম প্রস্তাব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম সেবামূলক সমস্যা সমাধান, সেবা সহজীকরণ এবং হাতের নাগালে সেবা পৌছে দিতে দেশের সকল পর্যায়ের উদ্ভাবনী আইডিয়াসমূহ সংগ্রহ করে পরবর্তিতে আইডিয়া বাস্তবায়নের জন্য প্রকল্প আকারে বৃপ্তদান করে। আইডিয়া সংরক্ষণ করে বাস্তবায়ন ও মনিটরিংয়ের জন্য একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম একটি কেন্দ্রীয় প্লাটফরম তৈরি করেছে, যা বর্তমানে “আইডিয়া ব্যাংক” (<http://ideabank.eservice.gov.bd/>) নামে পরিচালিত হচ্ছে। উক্ত প্লাটফরম সম্পর্কিত একটি কনসেপ্ট নোট এসাথে সংযুক্ত করা হল (কপি সংযুক্ত)।

২। বর্ণিত প্লাটফরমটি সকল পর্যায়ে কার্যকর করার জন্য একটি গ্রহণযোগ্য নাম প্রয়োজন। যেহেতু বর্তমানে মন্ত্রণালয়/দপ্তরের ইনোভেশন টিম দেশের উদ্ভাবনী আইডিয়াগুলোকে নিয়ে কাজ করে থাকেন, সেহেতু ইনোভেশন টিমের চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসার ও টিমের সদস্যগণ এই প্লাটফরমের জন্য নাম প্রস্তাব করতে পারেন। সেলক্ষ্যে তাঁদের মধ্যে নাম প্রস্তাবের একটি প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। নাম প্রস্তাবের জন্য নিম্নবর্ণিত লিংক-এ গিয়ে ফরমপূরণপূর্বক প্রস্তাবিত নামের ঘরে নাম লিখে ফরম সংরক্ষণ করতে হবে। এছাড়াও প্রতিযোগিতা ও নাম প্রস্তাবের পক্ষতি সম্পর্কিত একটি ভিডিও বর্ণিত লিংকে সংযুক্ত করা হল। নাম প্রস্তাবের লিংক: <http://ideabank.eservice.gov.bd/propose-a-name>

৩। এ ব্যাপারে তাঁর দপ্তরের ইনোভেশন টিমের সদস্যগণকে বর্ণিত প্রতিযোগিতা সম্পর্কে অবহিতকরণ ও আগামী ১৫ ডিসেম্বর ২০১৬ইং তারিখের মধ্যে নাম সাবমিট করার জন্য অনুরোধ জানানো হল।

সংযুক্তি: বর্ণনামতে।

কেবির বিন আনোয়ার
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম
ইমেইল: kabirbinanwar@pmo.gov.bd

বিতরণ:

- ১। সিনিয়র সচিব/সচিব, **স্বাস্থ্য ও পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
২। মহাপরিচালক, **মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

অনুলিপি:

সচিব (সমষ্টি ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ।



